



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক অধিদপ্তর

ডাক ভবন, ঢাকা-১০০০।

www.bdpost.gov.bd



নথি নং -১৪.৩১.০০০০.০২৯.০৮.০০২.১৭.৬৩৬

তারিখ : ০৭/০১/২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী জনাব মোঃ জাকির হোসেন, এসজি পোস্টাল অপারেটর, বৈদেশিক ডাক, ঢাকাকে ভারতে আজমীর শরীফ জিয়ারতের উদ্দেশ্যে ১০/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৯/০২/২০২০খ্রিঃ অথবা ছুটি ভোগের তারিখ হতে ০১(এক) মাস বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করা হলোঃ

- (ক) এ অনুমোদন কেবলমাত্র একবার ভারত ভ্রমণের জন্য প্রযোজ্য হবে।
- (খ) আলোচ্য ভ্রমণ সংশ্লিষ্ট যাবতীয় খরচ তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন; এতে বাংলাদেশ সরকারের কোন দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না।
- (গ) মঞ্জুরকৃত ছুটি কোনোক্রমেই বর্ধিত করা যাবে না; অত্যাবশ্যকীয় কারণে ছুটি বর্ধিত করার প্রয়োজন হলে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস মারফত উক্ত আবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।
- (ঘ) তিনি ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন।
- (ঙ) অনুমোদিত সময়ের মধ্যে তিনি যথানিয়মে দেশে ফিরে স্বীয় কর্মস্থলে যোগদান করবেন।

স্বাক্ষরিত/-

(মোঃ রিয়াজুল ইসলাম)

পরিচালক(স্ট্যাম্পস)

ও

অতিরিক্ত দায়িত্ব

পরিচালক (কর্মী ও সংস্থাপন)

ফোন-৯৫৫৮০৪০।

নথি নং -১৪.৩১.০০০০.০২৯.০৮.০০২.১৭.৬৩৬

তারিখ : ০৭/০১/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৩। পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। তাঁর পত্র নং- ১৪.৩১.০০০০.১১১.০৮.০০২.১৯, তারিখঃ ২৩/১২/২০১৯ খ্রিঃ এর বরাতে।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (ডাক), ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা (ডাক বিভাগের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৬-৮। ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ৯-১৭। ইমিগ্রেশন কর্মকর্তা, স্থল বন্দর, বেনাপোল, যশোর/ বুড়িমারি, লালমনিরহাট /হিলি, দিনাজপুর/ তামাবিল, সিলেট/ সোনামসজিদ, চাঁপাইনবাবগঞ্জ /ভোমড়া, সাতক্ষীরা/ দর্শনা, চুয়াডাঙ্গা/ বাংলাবান্ধা, পঞ্চগড়/ আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৮। জনাব মোঃ জাকির হোসেন, এসজি পোস্টাল অপারেটর, বৈদেশিক ডাক, ঢাকা।
- ১৯। অফিস কপি।

(মোঃ আব্দুল হামিদ)

শাখা কর্মকর্তা (সংস্থাপন)

ফোন-৯৫৬৮৪১৫।